স্মারক নং- গোবিপ্রবি/রেজি/একা./২০২৫/৫০১/৩৪

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

সভাপতি
সকল বিভাগ
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
গোপালগঞ্জ।

**বিষয়: ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি শিক্ষার্থীদের অবগতির জন্য প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,
উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এবারো ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান স্পন্দনবি, ২০২৪ সালে এইচ.এস.সি. পরীক্ষায় পাশ করে বর্তমানে ডিগ্রী পর্যায়ে প্রথম বর্ষে অধ্যায়নরত মেধাবী অস্বচ্ছল ছাত্র/ছাত্রীদের কাছ থেকে ইমদাদ-সিতারা খান বৃত্তির জন্য দরখাস্ত আহবান করেছে। আবেদন পত্রের নমুনা কপি তাঁদের পত্রে উল্লেখিত লিংক থেকে পাওয়া যাবে। বিষয়টি শিক্ষার্থীদের মাঝে প্রচারের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানাচ্ছি।

২৫.১১.২৫

**(মোঃ এনামউজ্জামান)**
রেজিস্ট্রার
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
গোপালগঞ্জ।

স্মারক নং- গোবিপ্রবি/রেজি/একা./২০২৫/৫০১/৩৪

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :**

১. পিএস টু ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ। (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
২. পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ। (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
৩. পিএস টু ট্রেজারার, গোবিপ্রবি, গোপালগঞ্জ। (ট্রেজারার মহোদয়ের জ্ঞাতার্থে)।
৪. পরিচালক, জনসংযোগ দপ্তর, গোবিপ্রবি, গোপালগঞ্জ।
৫. পরিচালক, আইসিটি সেল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬. পিএ টু রেজিস্ট্রার, গোবিপ্রবি, গোপালগঞ্জ। (রেজিস্ট্রার মহোদয়ের জ্ঞাতার্থে)।
৭. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।

২৫.১১.২৫

মো: আতিকুর রহমান
সহকারী রেজিস্ট্রার
রেজিস্ট্রার দপ্তর, একাডেমিক শাখা
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
গোপালগঞ্জ।

# Imdad-Sitara Khan Scholarship

Funded by 'The Khan Family Foundation' USA & coordinated by SpaandanB

SpaandanB

IMDAD-SITARA KHAN FOUNDATION

23 NOV 2025

তারিখ: ১১/১১/২০২৫

বরাবর
রেজিস্ট্রার
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
গোপালগঞ্জ-৮১০০
গোপালগঞ্জ

**বিষয়: ২০২৪-২০২৫ সেশন এর জন্য ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

জনাব,

**ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন** এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান **স্পন্দনবি** প্রতিবছর ৮০০ শতাধিক মেধাবী ছাত্র-ছাত্রীদেরকে (এইচএসসি, বিএসসি অনার্স; বিএসসি অনার্স (কৃষি ও পশুপালন এর সকল অনুষদ); এমবিবিএস: বিডিএস: বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিএ অনার্স, বিএসএস অনার্স এবং বিবিএ এ অধ্যয়নরত মেধাবী) বৃত্তি প্রদান করে।

**ইমদাদ-সিতারা খান ফাউন্ডেশন** এর অর্থায়নে প্রবাসী বাংলাদেশীদের সেবামূলক প্রতিষ্ঠান **স্পন্দনবি** ২০২৪ সালে এইচএসসি পরীক্ষায় পাশ করে বর্তমানে ডিগ্রী পর্যায়ে প্রথমবর্ষ (শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫) বিএসসি অনার্স; বিএসসি অনার্স (কৃষি ও পশুপালন এর সকল অনুষদ); এমবিবিএস; বিডিএস; বিএসসি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইঞ্জিনিয়ারিং, বিএ অনার্স, বিএসএস অনার্স এবং বিবিএ এ অধ্যয়নরত মেধাবী অস্বচ্ছল ছাত্র/ছাত্রীদের কাছ থেকে **ইমদাদ-সিতারা খান বৃত্তির** জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনপত্রের নমুনাকপিঃ
https://spaandanb.org/projects/imdad-sitara-khan-scholarship/ অথবা
https://www.facebook.com/share/g/1FXJc2NhHe/ ওয়েবসাইট, নামে সার্চ দিয়ে অথবা
mostafiz14@yahoo.com অথবা rajib.bd@spaandanb.org অথবা tuhin.bd@spaandanb.org অথবা
sajedul1233@gmail.comঅথবা zabbarbd5493@gmail.com এই ই-মেইলে অনুরোধ করে অথবা সরাসরি কার্যালয়ে (অফিসে) যোগাযোগ করে পাওয়া যাবে। বৃত্তিসংক্রান্ত যেকোন তথ্যের জন্য অফিস সময়ে (সকাল ১০:০০ টা - বিকাল ৫:০০ টা) ০২-৪৮১১৪৪৯৯ ফোন নম্বরে অথবা ০১৭১৩-০৩৬৩৬০, ০১৭৭৩-৬১০০০৯, ০১৯৩৩-৫৬০৬৬৫, ০১৭৯৬-১০২৭০০ এই মোবাইল নম্বরগুলোতে যোগাযোগ করা যাবে। আবেদনের শেষ তারিখ ডিসেম্বর ০৭, ২০২৫ রোজ রবিবার।

দরখাস্তের নমুনাকপি আপনার প্রতিষ্ঠানের অনুষদ/ বিভাগের নোটিশ বোর্ডে প্রদান এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিলে কৃতজ্ঞ থাকবো।

ধন্যবাদান্তে,

**মোঃ মোস্তাফিজুর রহমান**
ডেপুটি কান্ট্রি ডিরেক্টর
স্পন্দনবি বাংলাদেশ।

Bangladesh Office : 302 Mirpur Road, Shyamoli, Mohammadpur, Dhaka-1207 Ph:02-9127439, 01713036360

# স্পন্দনবি-ইমদাদ সিতারা খান ফাউন্ডেশন বৃত্তি

স্পন্দনবি বাংলাদেশ অফিস

স্পন্দনবি বাংলাদেশ অফিস, শ্যামলছায়া-১, বাড়ি# ৭/২, ফ্ল্যাট# বি/২, গার্ডেন স্ট্রিট,
রিং রোড, শ্যামলী, ঢাকা-১২০৭

www.spaandanb.org, www.fb/groups/157071023043, mostafiz.bd@spaandanb.org, ফোন: ০২-৪৮১১৪৪৯১


## আবেদন পত্র পূরনের নির্দেশাবলী

ক. শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা অর্থাৎ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানটির অবস্থান কোন উপজেলা বা জেলায় তা আবেদনকারী স্পষ্ট করে উল্লেখ করবে।

খ. উল্লেখিত জায়গা ছাড়া অন্য কোথাও ইংরেজিতে লেখা গ্রহনযোগ্য হবে না।

গ. আবেদন পত্রে আবেদনকারীর ছবি সংযুক্ত না থাকলে বাতিল হবে।

ঘ. সহশিক্ষা কার্যক্রম যেমন নাচ, গান,কবিতা আবৃত্তি, অভিনয়, বিতর্ক, গণিত অলিম্পিয়াড,বিএনসিসি, বাঁধন বা অন্যান্য সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত থাকলে আবেদন পত্রের সাথে তার প্রমাণপত্র জমা দেওয়া বাধ্যতামূলক।

ঙ. বাবা-মা'র পেশা এবং মোবাইল নাম্বার আবেদনকারীকে সঠিক ও স্পষ্টভাবে লিখতে হবে। তৃতীয় ব্যক্তি হলে সেটা স্পষ্ট উল্লেখ করতে হবে।

চ. আবেদনকারীকে পরিবারের মোট বাৎসরিক আয় এবং ব্যয় দুটোই উল্লেখ করতে হবে। অনেকে শুধু আয়ের হিসাব লিখলেও ব্যয় উল্লেখ করে না যা কোনভাবেই গ্রহনযোগ্য নয়। উল্লেখ্য অনেকেই বাৎসরিক আয়-ব্যয় এর জায়গায় মাসিক আয়-ব্যয় উল্লেখ করে থাকে যা নির্দেশনার পরিপন্থি।

ছ. আবেদনকারী কেন নিজেকে বৃত্তির যোগ্য মনে করে তা ২৫০ থেকে ৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে। কোনভাবেই উল্লেখিত শব্দের কম বা বেশি লিখতে পারবে না, লিখলে তা বাতিল বলে গণ্য হবে। তাছাড়া আবেদনকারী মূল লেখা শুরু করার আগে 'আমি কেন নিজেকে এই বৃত্তির জন্য যোগ্য মনে করি' তা শুধু উপরে লিখবে। যদিও অনেকে গতানুগতিকভাবে যেমন বরাবর, বিষয় এবং জনাব ইত্যাদি দিয়ে মূল লেখা শুরু করে, তার প্রয়োজন নাই।

জ. আবেদনকারীকে অবশ্যই তার "বিশদ রচনামূলক বর্ননায় (২৫০-৩৫০ শব্দ)" নিজের আয় এবং ব্যয়ের খাত স্পষ্ট করে উল্লেখ করতে হবে এবং এর যৌক্তিকতা দেখাতে হবে।

ঝ. আবেদনকারীকে তার জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে অর্থাৎ এইচ.এস.সি'র জন্য নির্ধারিত ফর্মে সংশ্লিষ্ট প্রার্থী আবেদন করবে এবং স্নাতক পর্যায়ের আবেদনকারী তার জন্য নির্ধারিত ফর্মে আবেদন করবে। অন্যথায় তা শুরুতেই বাতিল বলে গণ্য হবে।

ঞ. কোন আবেদনকারী যদি ইমদাদ সিতারা খান বৃত্তির জন্য নির্ধারিত ফর্ম ব্যতিরেকে বৃত্তি সংশ্লিষ্ট অন্য কোন ফর্ম পূরণ করে পাঠায় তাহলেও আবেদন ফর্মটি বাতিল হবে।

ট. সর্বোপরি আবেদনকারী যখন তার "বিশদ রচনামূলক বর্ননায় (২৫০-৩৫০ শব্দ)" লিখবেন তখন তার লেখাটি যাতে সহজপাঠ্য হয় সে বিষয় সর্তক হবেন। যেমন বাঁকা, খুব ছোট বা বড় লেখা কোনভাবেই কাম্য নয়।

ঠ. প্রতিষ্ঠান প্রধান আবেদনকারীর্র আবেদনপত্রটির তথ্যাবলী যাচাই করার পর যেন স্বাক্ষর করেন।